



বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্

Bangladesh College of Physicians & Surgeons

BCPS

বিসিপিএস নং-আরটিএম-৭১২/২০২৬/২৬৭৩৮

তারিখঃ ০৬/০৭/২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

কলেজের ফেলোশিপ প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম সূষ্ঠ, কার্যকর ও কাঠামোবদ্ধভাবে পরিচালনার লক্ষ্যে সকল প্রশিক্ষণার্থীর তথ্য হালনাগাদ করা হচ্ছে।

এ লক্ষ্যে এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ ই-লগবুকের অন্তর্ভুক্ত/ ই-লগবুকের বহির্ভূত বিসিপিএস কর্তৃক স্বীকৃত বিভিন্ন প্রতিষ্ঠানসমূহে প্রশিক্ষণরত প্রশিক্ষণার্থীদের নিম্নোক্ত ক্যাটাগোরিতে তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

১. সরকারি চাকুরিরত প্রশিক্ষণার্থী
২. বেসরকারি চাকুরিরত প্রশিক্ষণার্থী
৩. সরকারি প্রতিষ্ঠানে ভাতা প্রাপ্ত প্রশিক্ষণার্থী
৪. বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক ভাতা প্রাপ্ত প্রশিক্ষণার্থী

আবেদন লিংকঃ https://sds.bcps.edu.bd/training_info/

অনলাইনে তথ্য প্রদানের সময়সূচিঃ

- শুরুঃ ০৮ জুলাই ২০২৬, সকাল ১০:০০ ঘটিকা
- সমাপ্তিঃ ২০ জুলাই ২০২৬, রাত ১১:৫৯ ঘটিকা

(সংশ্লিষ্ট সকল প্রশিক্ষণার্থীকে উল্লেখিত লিংকে তথ্য প্রদান করে কর্তৃপক্ষের স্বাক্ষরসহ প্রয়োজনীয় কাগজপত্র (যোগদান করলে- যোগদানপত্র ও অফিস আদেশ, প্রতিষ্ঠান পরিবর্তন করলে- ছাড়পত্র, বিরতি গ্রহন করলে- বিরতির আবেদন) আপলোড করতে হবে।)

নিম্নবর্ণিত প্রশিক্ষণার্থীদের তথ্য প্রদান আবশ্যিকঃ


১. এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ হয়ে যে সকল প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে যোগদান করেছেন/ একই প্রতিষ্ঠানে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রেখেছেন/ প্রতিষ্ঠান পরিবর্তন করে প্রশিক্ষণে যোগদান করেছেন।
২. এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ হলেও অদ্যাবধি কোনো বিসিপিএস কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানে প্রশিক্ষণে যোগদান করেননি।
৩. এফসিপিএস মিডটার্ম পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর স্পেশালিটি প্রশিক্ষণে যোগদান করেছেন।
৪. ন্যূনতম ৬ (ছয়) মাস প্রশিক্ষণ সম্পন্ন করার পর জুলাই ২০২৬ সেশন হতে বিরতি গ্রহণ করেছেন অথবা বর্তমানে বিরতি চলমান রেখেছেন।


উল্লেখ্য যে, বিসিপিএস কর্তৃক অটোমেশন সিস্টেমের মাধ্যমে পদায়নপ্রাপ্ত হয়ে জুলাই ২০২৬ সেশনে প্রশিক্ষণে যোগদানকারী প্রশিক্ষণার্থীদের তথ্য এই লিংকের মাধ্যমে প্রদান করার প্রয়োজন নেই।

বিশেষ নির্দেশনাঃ

১. এ সংক্রান্ত কোনো হার্ড কপি বিসিপিএসে জমা দেওয়ার প্রয়োজন নেই।
২. নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর অনলাইনে তথ্য প্রদান, সংশোধন বা কাগজপত্র আপলোডের কোনো সুযোগ প্রদান করা হবে না।
৩. সরকারি প্রতিষ্ঠানে ভাতা প্রাপ্ত প্রশিক্ষণার্থীগণ নির্ধারিত সময়ের মধ্যে তথ্য হালনাগাদ করতে ব্যর্থ হলে প্রচলিত বিধি অনুযায়ী পারিতোষিক ভাতা প্রাপ্তির ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হবেন।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।


(অধ্যাপক ডা. মোঃ নূর হোসেন ভূঁইয়া)
অনারারি পরিচালক (আরটিএম), বিসিপিএস


(অধ্যাপক কোহিনুর বেগম)
সচিব (ভারপ্রাপ্ত), বিসিপিএস